# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 16-03-25** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নির্বাচন কমিশন আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে আগামী মঙ্গলবার বৈঠক ডেকেছে।

# ভুয়ো ভোটারের সন্ধানে জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত কোর কমিটি গঠন করছে তৃণমূল কংগ্রেস।

ভুয়ো ভোটার, তালিকায় ঢুকিয়েছে তৃণমূলই, অভিযোগ বিরোধীদের।

২/ ইফতারের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল ফুরফুরা শরিফ যাচ্ছেন।

৩/ দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে ৭ টি বিধানসভা এলাকায় আজ শুরু হচ্ছে সেবাশ্রয়ের মেগা ক্যাম্প।

৪/ পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহের সতর্কতা থাকলেও কুড়ি তারিখে দক্ষিণবঙ্গে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা, জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৫/ ISL ফুটবলের প্লে অফের সূচী ঘোষিত হয়েছে।

---

নির্বাচন কমিশন, আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে বৈঠক ডেকেছে। আগামী মঙ্গলবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পৌরহিত্যে ওই বৈঠক হওয়ার কথা। কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব, আধার কমিশনের CEO, সংসদ বিষয়ক মন্ত্রকের সচিব এবং কেন্দ্রীয় আইন সচিবকে উপস্থিত থাকতে বলা হয়েছে। সমস্ত জাতীয় ও আঞ্চলিক রাজনৈতিক দলের কাছ থেকেও কমিশন ওই বিষয়ে মতামত এবং পরামর্শ চেয়েছে।

৩০-শে এপ্রিলের মধ্যে কমিশনের কাছে এই পরামর্শ বা মতামত পাঠানো যাবে। আধার কার্ডের সঙ্গে এপিক-এর সংযুক্তিকরণের বিষয়ে নির্বাচন কমিশনের বৈঠকে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হতে পারে বলে মনে করা হচ্ছে। ওই উদ্যোগ বাস্তবায়নের প্রক্রিয়া নিয়েও বৈঠকে প্রাথমিক আলোচনা হতে পারে।

সম্প্রতি তৃণমূল কংগ্রেস সাংসদদের একটি প্রতিনিধি দল নির্বাচন কমিশনে গিয়ে স্বচ্ছ ভোটার তালিকা তৈরী এবং EPIC –এর সঙ্গে আধার ব্যবহারের দাবী জানায়।

তৃণমূল কংগ্রেস ভোটার তালিকায় ভুয়ো ভোটার খোঁজার কাজে আরো গতি আনার সিদ্ধান্ত নিয়েছে। তালিকা খতিয়ে দেখার জন্য জেলা থেকে ব্লক স্তর পর্যন্ত কোর কমিটি গঠন করা হবে। ভোটার তালিকা ইস্যুতে গতকাল দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রাজ্য সভাপতি সুব্রত বক্সীর উপস্থিতিতে এক ভার্চুয়াল বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক প্রসঙ্গে দলের এক্স হ্যান্ডেলে এক বার্তায় জানানো হয়েছে, ভোটার তালিকা থেকে সবরকম অনিয়ম দূর করতে তৃণমূল কংগ্রেস বদ্ধপরিকর। এদিনের বৈঠকে অভিষেক বলেন, তৃণমূলের সংগঠনে কাজের মূল্যায়নের ভিত্তিতে রদবদল হবে। তাঁর দফতর বা পরামর্শদাতা সংস্থা

আইপ্যাকের নাম করে কেউ ‘তোলাবাজি’ করলে তা বরদাস্ত করা হবে না বলেও স্পষ্ট জানিয়েছেন তিনি। অভিষেক বন্দ্যোপাধ্যায় ওই সভায় একটি হোয়াট্সঅ্যাপ নম্বর ঘোষণা করে বলেন, কারও বিরুদ্ধে তোলাবাজি সংক্রান্ত অভিযোগ থাকলে সরাসরি ওই নম্বরে হোয়াট্সঅ্যাপ করে জানানো যাবে। রাজ্যে নির্বাচন পরিচালনায় কমিশনের ভূমিকা নিয়েও বৈঠকে প্রশ্ন তোলেন অভিষেক। নির্বাচন কমিশনকে ব্যবহার করে কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি ভোটার তালিকায় ভুয়ো নাম যোগ করছে বলেও কর্মীদের সতর্ক করে দেন তিনি।

তৃণমূল কংগ্রেস সূত্রে জানা গেছে, ভোটার তালিকায় একটি ভূতুড়ে নামও যাতে না থেকে যায়, বৈঠকে তা নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয়েছে। স্থির হয়েছে, ভোটার তালিকা সংক্রান্ত কাজের জন্য আগামী ৫ দিনের মধ্যে জেলা ভিত্তিক কোর কমিটি গঠন করা হবে। একইভাবে ২১ থেকে ২৭ মার্চের মধ্যে ব্লকে ব্লকে কোর কমিটি গঠন করা হবে। ২৮ মার্চ থেকে ৩ এপ্রিলের মধ্যে অঞ্চল ও ওয়ার্ডে কোর কমিটি তৈরি করে দেওয়া হবে। ১৬ এপ্রিল থেকে ফের বুথে বুথে গিয়ে ভোটার তালিকা সরেজমিনে খতিয়ে দেখার কাজ শুরু হবে। এই কাজ ২০২৬ সালের বিধানসভা নির্বাচন অবধি চলবে।

--------------------

তৃণমূল কংগ্রেসের রাজ্য সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদার বলেছেন, প্রকৃত ভোটাররা ভোট দেবেন এটাই তাঁর দল চায়। নির্ভুল তালিকা তৈরী করে কমিশনকে নিজেদের নিরপেক্ষতা প্রমাণ দিতে হবে বলে মন্তব্য করেন তিনি।

ভোটার তালিকায় জালিয়াতি তৃণমূল কংগ্রেসই করেছে বলে অভিযোগ করেছেন বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য।

(বাইট - শমীক)

দলের নাম করে তোলাবাজির অভিষেক বন্দ্যোপাধ্যায় এর অভিযোগ প্রসঙ্গে সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী বলেন, এ নিয়ে আগেই তৃনমূলের নেতারা অভিযোগ করেছেন।

(বাইট – সুজন)

--------------------

ইফতারের অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামীকাল ফুরফুরা শরিফে যাচ্ছেন। উন্নয়ন প্রসঙ্গে স্থানীয় বিধায়ক তথা ফুরফুরা শরিফের পীরজাদা নওশাদ সিদ্দিকির সঙ্গে মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক বৈঠকের প্রেক্ষিতে এই সফর তাৎপর্যপুর্ণ বলে মনে করা হচ্ছে। রমজান মাস উপলক্ষ্যে ফুরফুরা শরিফে সরকারি উদ্দ্যোগে ইফতার সমাবেশের আয়োজন করা হচ্ছে। পাশাপাশি এই সফরে পীরজাদা ত্বহা সিদ্দিকির সঙ্গেও তাঁর বৈঠক হতে পারে বলে জানা গেছে। মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে ফুরফুরা শরিফকে কড়া নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে। প্রস্তুতি খতিয়ে দেখতে জেলা পুলিশের পাশাপাশি রাজ্য পুলিশের শীর্ষ কর্তারাও সেখানে উপস্থিত হয়েছেন। প্রসঙ্গত তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর এই নিয়ে তৃতীয়বার ফুরফুরায় যাচ্ছেন মুখ্যমন্ত্রী।

--------------------

বিধানসভায় বিরোধী দলনেতা ও মুখ্যমন্ত্রী সহ শাসক দলের বিধায়ক-মন্ত্রীদের ধর্মীয় রাজনীতি নিয়ে প্রতিযোগিতা চলছে বলে উল্লেখ করে SUCI কমিউনিস্ট এর তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে বলেন,

ধর্মের নামে এই প্রতিযোগিতা পশ্চিমবঙ্গের রাজনৈতিক ঐতিহ্যের সম্পূর্ণ বিরোধী। অভয়ার ন্যায় বিচার, মূল্যবৃদ্ধি, শিক্ষা, চাকুরি ও শ্রমিকের ন্যূনতম মজুরি পাওয়ার সমস্যা থেকে দৃষ্টি ঘুরিয়ে আগামী ২০২৬ বিধানসভার ভোটই এই দুই দলের মুল লক্ষ্য বলে চন্ডিদাসবাবু উল্লেখ করেন।

-------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস পৃথিবী ও প্রকৃতির জন্য এক ঘন্টা ‘আর্থ আওয়ার’ পালনের আহ্বান জানিয়েছেন।

২২শে মার্চ রাত সাড়ে ৮’টা থেকে সাড়ে নটা পর্যন্ত 'পৃথিবীর জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ এক ঘন্টা' – ‘আর্থ আওয়ার’ পালন করা হবে।

এক্স হ্যান্ডেলে আজ এক বার্তায় তিনি যুব সমাজের মধ্যে পৃথিবী রক্ষার চেতনা গড়ে তুলতে নিজেদেরকেই অনুপ্রেরকের কাজ করতে হবে বলে উল্লেখ করেন। তিনি বলেন, ভবিষ্যৎকে সুরক্ষিত এবং বসুধাকে টিকিয়ে রাখতে এখনই জোটবদ্ধ হয়ে সবাইকে এগিয়ে আসতে হবে।

-------------------

২০২৪ সালের সাহিত্য অকাদেমি পুরস্কারের তালিকায় বাংলা সাহিত্যের কোনো পুস্তক বা লেখকের অনুপস্থিতি সারা দেশেই আশাভঙ্গ, বিস্ময় ও বিভ্রান্তির সৃষ্টি করেছে বলে পশ্চিমবঙ্গ গনতান্ত্রিক লেখক শিল্পী সংঘ বিবৃতি দিয়েছে। এ প্রসঙ্গে সংঘের সভাপতি পবিত্র সরকার ও সাধারণ সম্পাদক রজত বন্দ্যোপাধ্যায় গতকাল দিল্লিতে সাহিত্য অকাদেমির সচিব কে চিঠি পাঠিয়েছেন। চিঠিতে বাংলা ভাষার জন্য পুরষ্কার স্থগিত রাখার সঠিক কারণ সহ চারটি মূল প্রশ্ন তোলা হয়েছে।

--------------------

দক্ষিন ২৪ পরগণার ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের সাতটি বিধানসভা এলাকায় আজ শুরু হচ্ছে ‘সেবাশ্রয়’-এর মেগা ক্যাম্প। ১৬ই মার্চ থেকে বিশে মার্চ পর্যন্ত এই শিবির চলবে। যাঁরা ‘সেবাশ্রয়’ ক্যাম্পে গিয়ে চিকিৎসা করিয়েছেন, তাঁদের নতুন কোনও সমস্যা হলে চিকিৎসকের পরমার্শ নেওয়ার জন্যেই এই ক্যাম্পগুলির আয়োজন করা হবে। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা অবধি এই শিবির চলবে। পাঁচ দিন টানা চলবে এই মেগা ক্যাম্প। যাঁরা আগে স্বাস্থ্য শিবিরগুলিতে নাম লিখিয়ে চিকিৎসা করেছেন, তাঁরা প্রত্যেকেই এই শিবিরগুলোতে গিয়ে পুনরায় চিকিৎসকদের মতামত নিতে পারবেন।

--------------------

কলকাতা হাই কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী আগামীকাল সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে শপথ নেবেন । প্রধান বিচারপতি সঞ্জীব খন্না তাঁকে শপথবাক্য পাঠ করাবেন। উপস্থিত থাকবেন শীর্ষ আদালতের অন্য বিচারপতিরাও।

গত ৬ মার্চ সুপ্রিম কোর্টের কলেজিয়াম বিচারপতি বাগচীর নাম শীর্ষ আদালতের জন্য সুপারিশ করে। গত সোমবার বিজ্ঞপ্তি প্রকাশ করে আইন মন্ত্রক জানায়, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত করেছেন বিচারপতি বাগচীকে।

--------------------

সিকিমে বেড়াতে যাওয়া পর্যটকদের এখন অতিরিক্ত মাশুল দিতে হবে। পর্যটন ব্যবসা নথিভুক্তিকরন নীতির অধীনে সড়ক পরিকাঠামো উন্নয়ন ও পরিচ্ছন্নতার কাজে ব্যবহারের জন্যে পর্যটকদের কাছ থেকে সংগৃহীত এই অর্থ ব্যবহার করা হবে। পর্যটক

পিছু সর্বাধিক তিরিশ দিনের জন্যে ৫০ টাকা করে নেওয়া হবে। তারা যে হোটলে থাকবেন সেখানেই এই টাকা দিতে হবে বলে জানানো হয়েছে। তবে ৫ বছরের কম বয়সীদের জন্য কোন টাকা লাগবে না।

--------------------

কোচবিহারের দিনহাটার জামাদারবস এলাকায় গুলিবিদ্ধ হয়ে এক যুবকের মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে। নিহত তাপস বর্মন এলাকারই বাসিন্দা ছিলেন। পুলিশ সূত্রে খবর মদ্যপানকে কেন্দ্র করে বচসার সময় বন্ধন রায় নামে এক যুবক, তাপসকে লক্ষ্য করে গুলি ছোড়ে। গুরুতর আহত অবস্থায় তাকে প্রথমে দিনহাটা মহকুমা হাসপাতাল, পরে কোচবিহার মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। অভিযুক্ত বন্ধন রায়ের নামে এর আগেও একাধিক মামলা রয়েছে বলে পুলিশ সূত্রে খবর।

--------------------

মালদার ইংলিশ বাজার থানা এলাকায় পুরাটুলিতে গতকাল রঙ খেলাকে কেন্দ্র বিবাদের জেরে এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়েছেন। বিপ্লব ঘোষ নামে ঐ ব্যক্তির হাতে গুলি লাগে। তাকে মালদা মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। পুলিশ দুস্কৃতী দের খোঁজে তল্লাশী চালাচ্ছে।

--------------------

উত্তর ২৪ পরগণার টিটাগড় পুরসভার তেরো নং ওয়ার্ডে, দোল খেলার সময়ে তৃনমূল কংগ্রেস কর্মী আকাশ ওরফে অমর চৌধুরীকে খুনের ঘটনায় দুজনের দশ দিনের পুলিশ হেফাজত হয়েছে। ঐ যুবককে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে ধারালো অস্ত্র

দিয়ে কুপিয়ে খুন করা হয়। এই ঘটনায় পবন রাজভর ও তার বাবা রাজকুমার রাজভরকে গ্রেপ্তার করে পুলিশ। পুরানো শত্রুতার জেরেই এই খুন বলে পুলিশের অনুমান ।

--------------------

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী দুদিন তাপপ্রবাহের সতর্ক বার্তা থাকলেও কুড়ি তারিখে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে, দক্ষিণবঙ্গের সব জেলাতেই সর্বোচ্চ তাপমাত্রা আগামী দুদিন আরও বাড়বে।

আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, আগামী **১৯** তারিখ পর্যন্ত এই অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে।

(বাইট- সৌরিশ বন্দ্যোপাধ্যায় )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়য়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩'দশমিক ৯ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

-------------------- --------------------